# নির্বাচনি পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন, ২০২০

**দশম শ্রেণি** **বিষয় কোড- ১৫২**

**বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল)**

**সময়: ২ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান: ৭০**

**[দ্রষ্টব্য- ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]**

## ফিন্যান্স অংশ

১। জনাব রাজিব একজন সরকারি চাকুরীজীবি। তিনি অবসরকালীন সময়ে প্রাপ্ত অর্থ অন্বেষা কোম্পানির বন্ডে ১৫% সুদে পাঁচ বছরের জন্য বিনিয়োগ করেন। কিন্তু হঠাৎ তার ছেলে আসিফ অসুস্থ হওয়ায় টাকার প্রয়োজন হলে তিনি উক্ত বন্ডটি বাজারে বিক্রয় করতে পারেন নি। পরবর্তীতে মেয়াদপূর্তিতে উক্ত অর্থ হাতে আসলে তিনি 'ক' ও 'খ' নামক দুটি প্রকল্পে অর্থ বিনিয়োগ করতে চান। 'ক' প্রকল্পের বিগত ছয় বছরের আয়ের হার যথাক্রমে ১০%, ২০%, -৫%, ১৫%, ৮%, ০%। 'খ' প্রকল্পের ঝুঁকির পরিমাণ ১২.৬২% এবং গড় আয়ের হার ৮%।

(ক) পরিচালন ব্যয় মেটানোর সক্ষমতা কীসের উপর নির্ভর করে? ১

(খ) সরকার কর্তৃক ইস্যুকৃত বিনিয়োগ ক্ষেত্র ঝুঁকিমুক্ত কেন? ব্যাখ্যা কর। ২

(গ) জনাব রাজিব প্রাথমিকভাবে বিনিয়োগের ক্ষেত্রে কোন ধরনের ঝুঁকির সম্মূখীন হন? ব্যাখ্যা কর। ৩

(ঘ) জনাব রাজিবের জন্য কোন প্রকল্পে বিনিয়োগ করা লাভজনক হবে?- তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২।

| মুনাফাভিত্তিক অভ্যন্তরীণ উৎস | |
|---|---|
| ↓ | |
| অবন্টিত মুনাফা ও সঞ্চিতি তহবিল | লভ্যাংশ সমতাকরণ তহবিল |

(ক) মালিক প্রদত্ত মূলধন কোন ধরনের তহবিলের উৎস? ১

(খ) প্রতিষ্ঠান কখন মজুদ পণ্য ব্যবহার বা বিক্রয় করতে পারে না? ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকের আলোকে একটি ব্যবসায় প্রতিষ্ঠান কীভাবে নিয়মিত লভ্যাংশ প্রদান করে? বর্ণনা কর। ৩

(ঘ) উদ্দীপকের আলোকে ভবিষ্যতের আর্থিক বিপর্যয় মোকাবিলায় গুরুত্বপূর্ণ উৎসটির ভুমিকা বিশ্লেষণ কর। ৪

৩। রবিন লিমিটেড ৪০,০০,০০০ টাকা দিয়ে জাপান থেকে পণ্য উৎপাদনের জন্য একটি মেশিন আমদানি করে। মেশিনটির স্থায়িত্ব পাঁচ বছর হবে বলে অনুমান করা হয়। এই ৫ বছর মেশিন থেকে প্রাপ্য আয় হলো:

| বছর | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম |
|---|---|---|---|---|---|
| নিট মুনাফা | ৪,০০,০০০ | ৫,০০,০০০ | ৬,০০,০০০ | ৭,০০,০০০ | ৮,০০,০০০ |

(ক) বিক্রয় থেকে প্রতিষ্ঠানে কোন প্রবাহ ঘটে? ১

(খ) সেলুনের জন্য এয়ার কন্ডিশন মেশিন ক্রয় কেন দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত? ব্যাখ্যা কর। ২

(গ) রবিন লিমিটেড এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

(ঘ) উদ্দীপকে বিনিয়োগকৃত অর্থ ৩.৫০ বছরের মধ্যে ফেরত আসবে কী? তোমার মতামত গাণিতিকভাবে উপস্থাপন কর। ৪

৪। জনাব সুজন কুয়েতে চাকরি করেন। তিনি প্রতি মাসে তার বেতনের টাকা বাংলাদেশে তার স্ত্রীর নিকট টাকা পাঠান। স্ত্রী উক্ত টাকা দিয়ে গ্রামে বিশাল একটি খামার পরিচালনার কাজ শুরু করেন। তিনি উক্ত খামারে হাঁস-মুরগী, গবাধি পশু পালন করেন। অপরদিকে, জনাব সুমন একটি ফাস্টফুডের ব্যবসায় পরিচালনা করেন। তিনি ব্যবসায়ের জন্য একটি ফ্রিজ ক্রয় করেন। ফ্রিজটি কেনার পূর্বে তিনি ভবিষ্যতে বিক্রয় বৃদ্ধির পরিমাণ ও ফ্রিজের খরচ তুলনামূলক বিশ্লেষণ করেন। এছাড়া তিনি দৈনিক বিক্রয়লব্ধ অর্থ থেকে প্রতিদিনের বিভিন্ন খরচ নির্বাহ করেন।

(ক) বাণিজ্য ঘাটতি কী? ১

(খ) স্কুল বিতর্কের জন্য কোন ধরনের অর্থায়ন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২

(গ) জনাব সুজনের স্ত্রীর ক্ষেত্রে অর্থায়নের ধরন ব্যাখ্যা কর। ৩

(ঘ) আর্থিক ব্যবস্থাপক হিসেবে জনাব সুমনের কার্যাবলি মূল্যায়ন কর। ৪

৫। ডেল্টা কোম্পানির মূলধনের শতভাগ সাধারণ শেয়ার দ্বারা গঠিত। মোট মূলধন প্রতিটি ১,০০০ টাকা মূল্যের ৫০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত। বর্তমানে প্রতিটি শেয়ারের বাজার মূল্য ১,৬০০ টাকা। কোম্পানি গত বছর শেয়ার প্রতি ১৫% হারে লভ্যাংশ দিয়েছিল। এ লভ্যাংশ বৃদ্ধির হার প্রতি বছর ১০%। মিতালি কোম্পানির বর্তমান মূলধন কাঠামো হলো, প্রতিটি ১,০০০ টাকা মূল্যের ১,০০০ সাধারণ শেয়ার, প্রতিটি ১,০০০ টাকা মূল্যের ১,০০০ অগ্রাধিকার শেয়ার এবং ১২% ঋণ মূলধন ৮০ লক্ষ টাকা। প্রতিটি সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজার মূল্য যথাক্রমে ১,৬০০ টাকা ও ১,২৫০ টাকা। শেয়ার প্রতি লভ্যাংশের হার সাধারণ শেয়ারে ১০% ও অগ্রাধিকার শেয়ারের ৮%। কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ব্যয় ৬.২৫%, গড় মূলধনি ব্যয় ৭.৫% এবং কর হার ৩৫%। কোম্পানির পরিচালনা পর্যদ নতুন মূলধন কাঠামো হিসেবে সাধারণ শেয়ার মূলধন ৮০%, অগ্রাধিকার শেয়ার মূলধন ১০% এবং ঋণ মূলধন ১০% রাখার প্রস্তাব দেয়।

(ক) ঋণ মূলধনের ক্ষেত্রে সুদের হারকে ব্যবসায় কী বলে? ১

(খ) সংরক্ষিত আয়ের ব্যয় নেই কেন? ব্যাখ্যা কর। ২

(গ) ডেল্টা কোম্পানির মূলধন ব্যয় নির্ণয় কর। ৩

(ঘ) মিতালি কোম্পানির প্রস্তাবিত মূলধন কাঠামোর যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৬। জনাব অসীম ৫ বছর পর ৬,০০,০০০ টাকা পাওয়ার আশায় বার্ষিক ৮% হার সুদে বর্তমানে কিছু টাকা পলাশ ব্যাংকে জমা রাখেন। অপরদিকে তার বন্ধু শরীফ পেনশনের ৫,০০,০০০ টাকা ৫ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চাইলে জনাব অসীম তাকে পলাশ ব্যাংকে রাখার পরামর্শ দেন। সেখান থেকে নির্দিষ্ট সময় পর তিনি ৭,৩৪,৬৬৪.০৪ টাকা পেতে পারেন। কিন্তু শিমুল ব্যাংক তাকে ৭% হার সুদে মাসিক চক্রবৃদ্ধির প্রস্তাব দেয়।

(ক) কোনো আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেয়ার পূর্বে কী বিবেচনা করতে হয়? ১

(খ) সুযোগ ব্যয় নির্ধারণে অর্থের সময়মূল্যের গুরুত্ব ব্যাখ্যা কর। ২

(গ) জনাব অসীম বর্তমানে 'পলাশ' ব্যাংকে কত টাকা জমা রাখেন? ৩

(ঘ) ভবিষ্যত মূল্যের ভিত্তিতে জনাব শরীফের কোন ব্যাংকে অর্থ জমা রাখা অধিক যুক্তিযুক্ত? বিশ্লেষণ কর। ৪

## ব্যাংকিং অংশ

৭। চট্টগ্রামের ব্যবসায়ী জনাব তকদির তার ব্যবসায়িক লেনদেনে এমন ধরনের চেকের মাধ্যমে লেনদেন করে যাতে যে কেউ চেকের টাকা ভাঙ্গাতে পারে। তিনি চার লক্ষ টাকার একটি চেকে স্বাক্ষর প্রদান করে তার একজন কর্মচারির নিকট রাখলেন। অফিসের কর্মচারি চেকের টাকার উত্তোলন করে পালিয়ে গেলেন। অপ্রত্যাশিত এই ঘটনার পূণরাবৃত্তি যেন না হতে পারে সেজন্য তিনি তার ব্যবসায়িক লেনদেনে বিশেষ ধরনের চেক ব্যবহার করার সিদ্ধান্ত নিয়েছেন।

(ক) অধীনস্থ ব্যাংক কী? ১

(খ) প্রত্যয়পত্র কেন ইস্যু করা হয়? ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকে উল্লিখিত জনাব তকদিরের কর্মচারি কেন চেকের টাকা আত্মসাৎ করার সুযোগ পেল? বর্ণনা কর। ৩

(ঘ) উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে জনাব তকদিরের বিশেষ ধরনের চেক ব্যবহারের সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮। নিম্নে দুইটি ব্যাংকের কার্যক্রম দেয়া হলো-

| 'ক' ব্যাংক | 'খ' ব্যাংক |
|---|---|
| ১. আমানত গ্রহণ | ১. বৈদেশিক বিনিময় নিয়ন্ত্রণ |
| ২. ঋণ আমানত সৃষ্টি | ২. ঋণ নিয়ন্ত্রণ |
| ৩. বিনিময় বিল ভাঙ্গানো | ৩. সরকারের তহবিল সংরক্ষণ |

(ক) কেন্দ্রীয় ব্যাংকের প্রধান নির্বাহীকে কী বলে? ১

(খ) মুদ্রা ও ব্যাংকের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকের 'ক' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩

(ঘ) একটি দেশের ব্যাংক ব্যবস্থার উন্নয়নে কোন ব্যাংকটির ভূমিকা গুরুত্বপূর্ণ বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৯। জনাব ফয়সাল একজন ব্যবসায়ী। তিনি তার ব্যবসায় থেকে অর্জিত মুনাফা সম্পূর্ণ অংশ ব্যয় না করে কিছু অংশ একটি স্থানীয় ব্যাংকে জমা রাখেন। তিনি মনে করেন, ব্যাংক জমা থেকে একদিকে তার কিছু আয় আসবে অন্যদিকে ভবিষ্যতের প্রয়োজনেও উক্ত অর্থ কাজে লাগাতে পারবেন।

(ক) বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস কোনটি? ১

(খ) ইজারা কী? বর্ণনা কর। ২

(গ) উদ্দীপকে উল্লিখিত কার্যক্রমে মুদ্রা কী হিসেবে কাজ করেছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকে ফয়সালের কার্যক্রমে ব্যাংকের ভূমিকা মূল্যায়ন কর। ৪

১০। জনাব ইসতিয়াক গাজীপুরে একটি কারখানা স্থাপন করেন। তিনি চীন থেকে তার কারখানার জন্য প্রয়োজনীয় কাঁচামাল আমদানি করেন। কাঁচামাল আমদানির ক্ষেত্রে 'উদয়ন' ব্যাংক রপ্তানিকারককে জনাব ইসতিয়াকের পক্ষ থেকে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা করে এবং প্রয়োজনে অন্যান্য সুবিধাও দিয়ে থাকে। 'উদয়ন' ব্যাংক-এর প্রধান অফিস ঢাকার মতিঝিলে হলেও গাজীপুরসহ দেশের বিভাগীয় ও জেলা শহরগুলোতে তাদের অফিস রয়েছে। ফলে জনাব ইসতিয়াকের পক্ষে ব্যবসায়িক লেনদেন সম্পাদনে সমস্যা হয় না।

(ক) বিশেষায়িত ব্যাংক কী? ১

(খ) বাজার নিয়ন্ত্রিত ব্যাংক কীভাবে কাজ করে? ব্যাখ্যা কর। ২

(গ) কাঠামো ভিত্তিক শ্রেণি অনুযায়ী 'উদয়ন' ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

(ঘ) ইসতিয়াকের কাঁচামাল ক্রয়ে 'উদয়ন' ব্যাংক-এর কাজটি বিশ্লেষণ কর। ৪

১১। জনাব আবির একজন ব্যবসায়ী। তাঁর বন্ধু আসিফ একজন চাকরিজীবি। দুজনেই ব্যাংক হিসাব খুলতে আগ্রহী। আসিফ এমন একটি হিসাব খুলেছে যেখান থেকে স্বল্প পরিমাণ সুদ পাওয়া যায় এবং যখন খুশি টাকা জমা দেয়া যায়। দু'বন্ধুই ব্যাংকের সাথে লেনদেন করে খুব খুশি। আসিফ তার প্রতিবেশি জনাব সজীবকে ব্যাংক হিসাব খুলতে পরামর্শ দিয়েছেন, যেখান থেকে তিনি উচ্চ হারে আয় করতে পারবেন। জনাব সজীব সদ্য অবসরপ্রাপ্ত একজন চাকরীজীবি।

(ক) ব্যাংকের গ্রাহক কে? ১

(খ) তালিকাভুক্ত ব্যাংক বলতে কী বোঝায়? ২

(গ) আবির ও আসিফ কোন ধরনের ব্যাংক হিসাব খুলেছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) আসিফ জনাব সজীবকে কোন ধরনের হিসাব খোলার পরামর্শ দিয়েছেন? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪